গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০১৯.০৯.০০২.২৩-৩৮০

তারিখ ঃ ১০ আশ্বিন ১৪৩০ / ২৫ সেপ্টেম্বর ২০২৩

**বিষয় ঃ স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স এর ১ম সভার ৮.৩ নং সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং-৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.৯৫, তারিখ: ২১/০৮/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স এর ১ম সভার সিদ্ধান্ত নং-৮.৩ বাস্তবায়নের নিমিত্ত উপকমিটির ক্রমিক নং-১৫ অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের দপ্তর/সংস্থা/এজেন্সি/একাডেমিয়া/ব্যবসায়িক সংগঠনের উপযুক্ত প্রতিনিধি/অংশীজনের সমন্বয়ে উপকমিটি গঠনপূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, "স্মার্ট জননিরাপত্তা, সাইবার নিরাপত্তা এবং নিরাপদ ক্লাউড" বিষয়ক উপকমিটির প্রজ্ঞাপন জারি করার পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ (১) খসড়া প্রজ্ঞাপন-০১ পাতা।
(২) কার্যবিবরণী।

মোঃ আরিফ-উজ-জামান
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৪৫২৯
admin1@mhapsd.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ জনাব ড. মুহম্মদ মেহেদী হাসান, যুগ্মসচিব, ই-সার্ভিস ইমপ্লিমেন্টেশন শাখা)।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্ত বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্ত বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০১৯.০৯.০০২.২৩-

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০ / ২৫ সেপ্টেম্বর ২০২৩

**'প্রজ্ঞাপন'**

স্মার্ট জননিরাপত্তা, সাইবার নিরাপত্তা এবং নিরাপদ ক্লাউড নিশ্চিতকল্পে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের দপ্তর/সংস্থা/এজেন্সি/একাডেমিয়া/ব্যবসায়িক সংগঠনের উপযুক্ত প্রতিনিধি/অংশীজনের সমন্বয়ে নিম্নবর্ণিত উপকমিটি গঠন করা হলো:

২। **কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| ৩. | পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪. | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| ৫. | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| ৬. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| ৭. | মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, ঢাকা | সদস্য |
| ৮. | মহাপরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা | সদস্য |
| ৯. | মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা | সদস্য |
| ১০. | মহাপরিচালক, এনটিএমসি, প্রধানমন্ত্রীর ত্রান ভান্ডার, তেজগাঁও, ঢাকা | সদস্য |
| ১১. | চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | সদস্য |
| ১২. | চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ | সদস্য |
| ১৩ | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| ১৪. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ১৫. | অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ | সদস্য সচিব |

৩। **উপকমিটির কার্যপরিধি:**

(ক) ১. উপকমিটি তার অধিক্ষেত্রে স্মার্ট বাংলাদেশ-২০৪১ বিনির্মাণের সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহ চিহ্নিত করবে;
২. চিহ্নিত ক্ষেত্রসমূহের উদ্দেশ্য, সমস্যা, সম্ভাবনা এবং করণীয় নির্ধারণ করবে;
৩. নিজ অধিক্ষেত্রের বাইরে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, বেসরকারি খাত/সংস্থা এবং শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্কযুক্ত (cross-cutting) বিষয়সমূহ চিহ্নিত করবে;
৪. স্মার্ট বাংলাদেশ-২০৪১ বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে;
৫. প্রণয়নকৃত কর্মপরিকল্পনার বাস্তবায়ন তদারকি করবে;
৬. কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ষান্মাষিক ভিত্তিতে স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সকে অবহিত করবে।

(খ) উপকমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হবে। তবে, বিশেষ প্রয়োজনে যেকোন সময় সভা আয়োজন করতে পারবে।

(গ) উপকমিটি প্রয়োজনে অন্য কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

CamScanner